গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০১.২০১৭.(খন্ড-১).৬৮৬ তারিখ: ১৯/১২/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশনের রায় বাস্তবায়ন ।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশনের রায় বাস্তবায়নের লক্ষ্যে রায়ে প্রদত্ত নির্দেশনার আলোকে জনবলকাঠামো ৪ ফেব্রুয়ারি, ২০১০ অনুযায়ী নিম্নবর্ণিত ০২ (দুই) টি প্রতিষ্ঠান কে এম.পি.ও.ভুক্ত করতে সরকার সদয় সম্মত হয়েছে :

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম | স্তর |
|---|---|---|
| ১. | গাংকুল পঞ্চগ্রাম আদর্শ উচ্চ বিদ্যালয়, বড়লেখা, মৌলভীবাজার। | মাধ্যমিক |
| ২. | নতুন কহেলা কলেজ,মির্জাপুর,টাংগাইল। | উচ্চ মাধ্যমিক |

০২. এমতাবস্থায়, উল্লিখিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারিদের বেতন-ভাতার সরকারি অংশ নিম্নবর্ণিত শর্তে প্রদান করতে হবে :

১. উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারি স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন-ভাতাদির সরকারি অংশ গ্রহণ করবেন ;

২. বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারি বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত হবেন ;

৩. শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী মহিলা কোটা পূরণ করতে হবে। তবে ৪ ফেব্রুয়ারি, ২০১০ জনবলকাঠামোর আলোকে এম.পি.ও. ভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহে বর্তমানে কর্মরত প্যাটার্নভুক্ত শিক্ষকদের ক্ষেত্রে মহিলা কোটার শর্ত শিথিলযোগ্য হবে ;

৪. নিবন্ধন চালু হওয়ার পর নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারিদের এম.পি.ও ভুক্তির জন্য অবশ্যই নিবন্ধন সনদ প্রয়োজন হবে। নিবন্ধন প্রথা চালু হওয়ার পূর্বে বিধিসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারিগণ এম.পি.ও. ভুক্তির সুযোগ পাবেন ;

৫. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারিদের শিক্ষাগত যোগ্যতা নিয়োগকালীন বিধি-বিধান ও সংশ্লিষ্ট পরিপত্র অনুসারে প্রযোজ্য হবে;

৬. এম.পি.ও.ভুক্তির এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

১৯.১২.১৭

(নুসরাত জাবীন বানু)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা ।

নং-৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০১.২০১৭.(খন্ড-১).৬৮৬ তারিখ: ১৯/১২/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টিআকর্ষণ : বিজ্ঞ সলিসিটর (যুগ্ম-সচিব), সলিসিটর উইং, মহামান্য আদালতকে অবহিতকরণের অনুরোধসহ]।
৩. অতিরিক্ত-সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অতিরিক্ত-সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক.............................।
৬. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব (রাজস্ব বাজেট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এম.পি.ও.ভুক্তির জন্য প্রয়োজনীয় অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

১২. জেলা শিক্ষা অফিসার .................................. (উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং জেলা শিক্ষা অফিসার অবিলম্বে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪.০২.২০১০ তারিখে জারিকৃত জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকায় প্রেরণ করবেন)।

১৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক................................................ অনুকূলে পৃথক কোন সরকারি আদেশ জারি করা হবেনা)। শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে এ আদেশ সংগ্রহপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন

১৯.১২.১৭

(নুসরাত জাবীন বানু)
উপসচিব

রিট পিটিশন